

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৫২২

আগরতলা, ৯ অক্টোবর, ২০২৪

মায়ের গমন-২০২৪

১৪ অক্টোবর বিকেল ট্যোয় উদ্বোধন

আগামী ১৪ অক্টোবর মহারাণী তুলসীবতী উচ্চমাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সম্মুখে
মায়ের গমন-২০২৪ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। মায়ের গমন-২০২৪ অনুষ্ঠানের
উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। অনুষ্ঠান শুরু হবে বিকেল ট্যোয়।
মায়ের গমন অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায়,
পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, তপশিলি জাতি কল্যাণ
মন্ত্রী সুধাংশু দাস, সমবায় মন্ত্রী শুভ্রাচরণ নোয়াতিয়া, শিল্প ও বাণিজ্য দপ্তরের রাষ্ট্র মন্ত্রী
বৃষকেতু দেববর্মা। অনুষ্ঠানে বিশেষ আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সাংসদ বিপ্লব
কুমার দেব। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন আগরতলা পুর নিগমের মেয়র তথা
বিধায়ক দীপক মজুমদার, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী, রাজ্য
পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব ড. পি কে চক্রবর্তী।
মায়ের গমন অনুষ্ঠানে সামিল হতে তথ্য ও সংস্কৃতি দপ্তরের পক্ষ থেকে সবার কাছে সাদর
আমন্ত্রণ জানানো হয়েছে।
